গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন অধিশাখা-০২
www.rdcd.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

০১ শ্রাবণ ১৪৩১
তারিখ: -------------------
১৬ জুলাই ২০২৪

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩২.২২.০০৮.২২-৩১৭

বিষয়: 'জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০২৪' বাংলাদেশ গেজেটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত 'জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০২৪'র স্বাক্ষরিত কপি প্রজ্ঞাপন আকারে **বাংলাদেশ গেজেটে প্রকাশের** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: 'জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০২৪' এর কপি ০৭ (সাত) পৃষ্ঠা।

১৬.০৭.২০২৪
(ড. অশোক কুমার বিশ্বাস)
উপসচিব
ফোন:+৮৮-০২-২২৩৩৫৫৫৬৩
admin2.section@rdcd.gov.bd

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়
তেজগাঁও, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৬। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। সিস্টেম অ্যানালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৮

# জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০২৪

## ভূমিকা

সমবায় পদ্ধতির অনুশীলন ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় ও উদ্যোগকে যৌথ প্রচেষ্টার মাধ্যমে বৃহত্তর উদ্যোগ গ্রহণে সহায়তা করে। এ ধরণের উদ্যোগের অংশীদার হয়ে সদস্যদের আনুপাতিক সম্পদের পরিমাণ বৃদ্ধি পায়, যা তাদের অধিকতর জীবনমান উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করে। আদর্শ, মূল্যবোধ এবং গণতান্ত্রিক অনুশীলনের ক্ষেত্রে সমবায় সুশাসনের প্রতীক। আর সমাজ ও জাতীয় জীবনের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠা আমাদের সরকারি অঙ্গীকার। সমবায়ের এরূপ উৎকর্ষ বিবেচনায় রেখে আমাদের পবিত্র সংবিধানে সমবায় মালিকানাকে স্বীকৃতি দেয়া হয়েছে। পাশাপাশি সমবায়ের বিস্তারে সরকারের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় চলমান সমবায় কার্যক্রমকে আরো সম্প্রসারিত, গতিশীল ও উৎসাহিত করার জন্য সরকার সমবায়ের মাধ্যমে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ ''জাতীয় সমবায় পুরস্কার" প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

## ২। উদ্দেশ্য

সমবায় অঙ্গনে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য সমবায়ী এবং সমবায় সমিতিকে স্বীকৃতিস্বরূপ জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। সমবায় আদর্শ ও দর্শনের যথাযথ প্রয়োগের মাধ্যমে দেশের দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখার জন্য প্রতি বছর দেশের বিভিন্ন শ্রেণির শ্রেষ্ঠ সমবায়ী ও সমবায় সমিতিকে এ পুরস্কার প্রদান করা হবে। সমবায় আন্দোলনকে আরো গতিশীল এবং সমবায়ীদের মধ্যে ভালো কাজ করার ও অর্থনৈতিক কর্মকাণ্ডে অবদান রাখার ক্ষেত্রে আগ্রহ উদ্দীপনা ও প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি করাই জাতীয় সমবায় পুরস্কারের মূল উদ্দেশ্য।

## ৩। সমবায় সমিতির শ্রেণিবিন্যাস/ক্যাটাগরি

নীতিমালার উদ্দেশ্যের আলোকে সার্বিক কর্মকাণ্ড বিবেচনায় কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য প্রতিবছর ১৩টি জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৩ (তিন) জন সমবায়ীকে (কমপক্ষে ১জন মহিলা) এই পুরস্কারের জন্য মনোনয়ন প্রদান করা হবে। জাতীয় সমবায় পুরস্কার প্রদানের জন্য ১০টি সমবায় সমিতি শ্রেণি/ক্যাটাগরি নিম্নরূপ:

১. কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়
- কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি।

২. সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়
- সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি।

৩. উৎপাদনমুখী সমবায়
- দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি।

৪. ব্যবসায়ী সমবায়
- দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি।

৫. মুক্তিযোদ্ধা সমবায়
- মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে।

৬. বিত্তহীন, ভূমিহীন সমবায়
- বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ন সমবায় সমিতি।

৭. মহিলা সমবায়
- মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে।

৮. পেশাভিত্তিক সমবায়
- মৃৎশিল্পী সমবায় সমিতি, তাঁতি সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/টেক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাঙ্ক-লরি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি।

৯. গৃহায়ন সমবায়

- গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি।

১০. বিশেষ ও অন্যান্য শ্রেণি

- যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি।

## ৪। পুরস্কারের ধরণ ও প্রকৃতি

ক) ১টি ক্রেস্ট (ক্রেস্টের ভিতরে অনুমোদিত ডিজাইনে ২১ (একুশ) ক্যারেট মানের ১০ (দশ) গ্রাম ওজনের স্বর্ণপদক থাকবে)

খ) ১টি সম্মাননা সনদ

গ) ১ (এক) লক্ষ টাকা অর্থমূল্য

## ৫। জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান

১. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

২. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান পরিচালনা করবেন।

৩. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজনের যাবতীয় দায়িত্ব পালন করবে।

৪. জাতীয় সমবায় দিবস কিংবা অন্য কোন সুবিধাজনক সময়ে এ পুরস্কার প্রদান করা হবে।

## ৬। আবেদন প্রক্রিয়া ও বাছাই পদ্ধতি

### ৬.১ আবেদন প্রক্রিয়া

১. সংবাদপত্রে বিজ্ঞপ্তি: জাতীয় সমবায় পুরস্কার প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করা হবে।

২. আবেদন ফরম প্রাপ্তিস্থান: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট, বিভাগ, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টাল, জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েবসাইট/ওয়েব পোর্টালে পাওয়া যাবে।

৩. আবেদন ফরম জমা: যোগ্যতা সম্পন্ন সমবায়ী এবং সমবায় সমিতি নিজ উদ্যোগে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক অনলাইনে অথবা হার্ডকপি উপজেলা সমবায় কার্যালয়ে জমা দিতে হবে।

### ৬.২ বাছাই পদ্ধতির ধাপসমূহ

৬.২.১. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন পর্যায়ের বাছাই কমিটির নিকট যথাসময়ে সমবায় অধিদপ্তর মূল্যায়ন ছক প্রেরণ করবে।

৬.২.২. উপজেলা কমিটি উপজেলা পর্যায়ের প্রতিটি শ্রেণি/ক্যাটাগরি থেকে শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ীর নাম জেলা পর্যায়ের কমিটি বরাবরে প্রেরণ করবে।

৬.২.৩. পুরস্কারের জন্য মনোনীত সমবায় সমিতি এবং সমবায়ীর তথ্য উপজেলা কমিটি থেকে প্রাপ্তির ১৫ দিনের মধ্যে জেলা কমিটি স্ব-স্ব জেলা থেকে প্রত্যেক শ্রেণি হতে সমবায় সমিতি এবং সমবায়ী নির্বাচন করে সুপারিশসহ বিভাগীয় কমিটি বরাবরে প্রেরণ করবে।

৬.২.৪. বিভাগীয় কমিটি জেলা কমিটি থেকে মনোনয়ন প্রাপ্তির ১৫ দিনের মধ্যে বিভাগীয় পর্যায়ের শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ীর মনোনয়ন চূড়ান্ত করে নির্দিষ্ট ছকে জাতীয় নির্বাচনী কমিটিতে প্রেরণ করবে।

৬.২.৫. প্রদত্ত নম্বরের ভিত্তিতে শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ী নির্বাচন করা হবে। মোট ১০০ নম্বরের বাছাই প্রক্রিয়ায় কমপক্ষে ৬০ নম্বর না পেলে কোন সমবায় সমিতি এবং সমবায়ীকে পুরস্কারের জন্য মনোনীত করা যাবে না।

৬.২.৬. বিভাগীয় কমিটি বিভাগীয় পর্যায়ে মনোনীত প্রতিটি শ্রেণির শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ীর নাম প্রদত্ত ছক মোতাবেক পৃথক সীটে ৫ (পাঁচ) প্রস্থ জাতীয় কমিটির বিবেচনার জন্য সমবায় অধিদপ্তরের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করবে। একই ছকে একাধিক সমবায় সমিতি এবং সমবায়ীর তথ্য কোনোক্রমেই দেয়া যাবে না।

৬.২.৭. বিভাগীয় কমিটি হতে সমবায় সমিতি এবং সমবায়ী মনোনয়ন প্রাপ্তির পর জাতীয় কমিটি জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ী চূড়ান্তভাবে নির্বাচন করবে।

৬.২.৮. জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীকে তিন বছর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত পুনরায় পুরস্কারের জন্য মনোনীত করা যাবে না।

৬.২.৯. জাতীয় কমিটি বিশেষ বিবেচনায় অধিকতর তথ্য ও অনুসন্ধানের ভিত্তিতে বিভাগীয় কমিটি হতে প্রাপ্ত মনোনয়ন সংশোধনপূর্বক উপযুক্ত সমবায় সমিতি এবং সমবায়ীকে যে কোন ক্ষেত্রে পুরস্কারের জন্য চূড়ান্তভাবে মনোনীত করতে পারবে।

## ৭। বিভিন্ন পর্যায়ে নির্বাচন কমিটি গঠন

### ৭.১ উপজেলা বাছাই কমিটি

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৬. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১০. | সভাপতি, ইউ.সি.সি.এ.লিঃ | সদস্য |
| ১১. | সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সমবায়ী | সদস্য |
| ১২. | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য সচিব |

### ৭.২ জেলা বাছাই কমিটি (পার্বত্য জেলা ব্যতীত)

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৩. | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৪. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৫. | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপপরিচালক, সমাজসেবা | সদস্য |
| ৭. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৯. | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১০. | সভাপতি, জেলা সমবায় ইউনিয়ন | সদস্য |
| ১১. | সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সমবায়ী | সদস্য |
| ১২. | জেলা সমবায় অফিসার | সদস্য সচিব |

তবে শর্ত থাকে যে, তিনটি পার্বত্য জেলার জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ১৫/০৯/২০১১ তারিখে জারিকৃত (৬২৫ নং পরিপত্র) বিধান মোতাবেক গঠিত জেলা কমিটি কার্যকর হবে।

### ৭.৩ বিভাগীয় বাছাই কমিটি

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | সভাপতি |
| ২. | জেলা প্রশাসক (সকল) (সংশ্লিষ্ট বিভাগ) | সদস্য |
| ৩. | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি (বিভাগীয় দপ্তর) | সদস্য |
| ৪. | পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৫. | পরিচালক, বিভাগীয় মৎস্য অধিদপ্তর | সদস্য |
| ৬. | উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর | সদস্য |
| ৭. | পরিচালক, সমাজসেবা | সদস্য |
| ৮. | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৯. | পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (বিভাগীয় সদর) | সদস্য |
| ১০. | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিভাগীয় সদর) | সদস্য |
| ১১. | সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সমবায়ী | সদস্য |
| ১২. | যুগ্মনিবন্ধক (সংশ্লিষ্ট বিভাগ) | সদস্য সচিব |

### ৭.৪ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাছাই কমিটি

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) | সভাপতি |
| ২. | যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) | সদস্য |
| ৩. | অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) | সদস্য |
| ৪. | অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) | সদস্য |
| ৫. | অতিরিক্ত নিবন্ধক (ইপিপি) | সদস্য |
| ৬. | যুগ্মনিবন্ধক (ইপিপি) | সদস্য |
| ৭. | উপনিবন্ধক (পিপি) | সদস্য |
| ৮. | উপসচিব (প্রশাসন অধিশাখা-২) | সদস্য সচিব |

### ৭.৫ জাতীয় কমিটি

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সভাপতি |
| ২. | সিনিয়র সচিব/সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৩. | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৬. | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৭. | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ৮. | প্রতিনিধি, অর্থ বিভাগ (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ৯. | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১০. | প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১১. | প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১২. | প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১৩. | প্রতিনিধি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১৪. | প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১৫. | প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৬. | প্রতিনিধি, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১৭. | সভাপতি, বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়ন | সদস্য |
| ১৮. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে মনোনীত জাতীয় সমবায় পুরস্কারপ্রাপ্ত দু'জন বিশিষ্ট সমবায়ী (দুই বছরের জন্য মনোনীত) | সদস্য |
| ১৯. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য সচিব |

## ৮। শ্রেষ্ঠ সমবায় সমিতি নির্বাচন সংক্রান্ত মুল্যায়ন সূচক

| **৮.১** | **অর্থনৈতিক অবস্থা** | **মোট নম্বর (১৫×৩)=৪৫** |
|---|---|---|
| **(ক)** | **নিজস্ব মূলধন (টাকায়)** | **মোট = (৩×৩)=৯** |
| ১. | পরিশোধিত শেয়ারের সংখ্যা ও শেয়ার মূলধন | ৩ |
| ২. | **পুঞ্জিভূত** সংরক্ষিত তহবিল ও কু-ঋণ তহবিল | ৩ |
| ৩. | মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল | ৩ |
| **(খ)** | **কার্যকরী মূলধন (টাকায়)** | **মোট = (৪×৩)=১২** |
| ১. | নিজস্ব মূলধন | ৩ |
| ২. | সঞ্চয় আমানত | ৩ |
| ৩. | গৃহীত ঋণ (টাকায়) | ৩ |
| ৪. | অনুদান (যদি থাকে) (টাকায়) | ৩ |
| **(গ)** | **সম্পদ/সম্পত্তির পরিমাণ (টাকায়)** | **মোট = (২×৩)=৬** |
| ১. | স্থাবর | ৩ |
| ২. | অস্থাবর | ৩ |
| **(ঘ)** | **বিনিয়োগ (টাকায়)** | **মোট = (৩×৩)=৯** |
| ১. | সদস্যদের মধ্যে ঋণ বিতরণের পরিমাণ (৩ বছর) | ৩ |
| ২. | সদস্যদের মধ্যে বিতরণকৃত ঋণ আদায়ের পরিমাণ (৩ বছর) | ৩ |
| ৩. | অন্যান্য বিনিয়োগ (৩ বছর) | ৩ |
| **(ঙ)** | **বিগত এক বছরে** | মোট = (৩×৩)=৯ |
| ১. | আয়, ব্যয় ও নীট মুনাফা (টাকায়) | ৩ |
| ২. | সদস্যদের মধ্যে লভ্যাংশ বন্টনের পরিমাণ (টাকায়) ও শতকরা হার | ৩ |
| ৩. | অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল প্রদানের পরিমাণ (টাকায়) | ৩ |

| **৮.২** | **প্রচলিত আইন ও বিধি প্রতিপালন** | **মোট নম্বর (১০×৩)=৩০** |
|---|---|---|
| (ক) | সর্বশেষ নির্বাচন (প্রমাণক-ফলাফলের কাগজপত্র) | ৩ |
| (খ) | বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ ও উপস্থিতি (প্রমাণক- হাজিরা তালিকাসহ কার্যবিবরণী) | ৩ |
| (গ) | বিগত তিনটি ব্যবস্থাপনা কমিটির মেয়াদকাল ও বিবেচ্য বছরে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুষ্ঠিত সভার সংখ্যা | ৩ |
| (ঘ) | বিবেচ্য বছরের বাজেট অনুমোদনের তারিখ (প্রমাণকসহ) | ৩ |
| (ঙ) | বিবেচ্য বছরের অডিট সম্পাদনের তারিখ (প্রমাণকসহ) | ৩ |
| (চ) | অডিট আপত্তি সংশোধনীর প্রতিবেদন দাখিলের তারিখ (প্রমাণকসহ) | ৩ |
| (ছ) | বিবেচ্য অর্থবছরে বিনিয়োগের পরিমাণ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা? | ৩ |
| (জ) | সমিতির বিরুদ্ধে মামলা আছে কিনা? থাকলে বর্তমান অবস্থা? | ৩ |

| | | |
|---|---|---|
| (ঝ) | সমিতির বিরুদ্ধে বিগত ২ বা ৩ বছরের মধ্যে তদন্তের প্রয়োজন হয়েছে কিনা? হয়ে থাকলে তার ফলাফল। | ৩ |
| (ঞ) | পরিশোধিত শেয়ারের ফেস ভ্যালু নির্ধারণ করা হয়েছে কিনা? (প্রমাণকসহ) | ৩ |

| **৮.৩** | **সমবায় সমিতি কর্তৃক গৃহীত উন্নয়ন কার্যক্রম** | **মোট নম্বর (৩×৩)=৯** |
|---|---|---|
| (ক) | উন্নয়নমূলক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | ৩ |
| (খ) | বাণিজ্যিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | ৩ |
| (গ) | আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারের সংক্ষিপ্ত বিবরণ | ৩ |

| **৮.৪** | **সমিতির প্রাতিষ্ঠানিকীকরণ** | **মোট নম্বর (৪×২)=৮** |
|---|---|---|
| (ক) | সমিতির কার্যালয় আছে কিনা?থাকলে সংক্ষিপ্ত বিবরণ | ২ |
| (খ) | অনুমোদিত চাকরি বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা | ২ |
| (গ) | সমিতি কর্তৃক পরোক্ষ কর্মসংস্থানের সংখ্যা বিবরণসহ | ২ |
| (ঘ) | কর্মসংস্থানের ধরণ ও প্রকৃতি (পদবি ও বেতনসহ) | ২ |

| **৮.৫** | **অন্যান্য কার্যক্রম** | **মোট নম্বর (৪×২)=৮** |
|---|---|---|
| (ক) | সমবায় আন্দোলনকে বেগবান করার জন্য সমিতি কর্তৃক গৃহীত কার্যক্রমের বিবরণ | ২ |
| (খ) | সমিতিতে ইতঃপূর্বে সৃষ্ট কোনো চ্যালেঞ্জ মোকাবেলা করে থাকলে তার সংক্ষিপ্ত বিবরণ | ২ |
| (গ) | প্রচার/প্রকাশনার সংখ্যা ও সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণকসহ) | ২ |
| (ঘ) | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সমিতির কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | ২ |

## ৯। শ্রেষ্ঠ সমবায়ী নির্বাচন সংক্রান্ত মূল্যায়ন সূচক — মোট নম্বর=১০০

| **৯.১** | **অর্থনৈতিক অবস্থা** | **মোট নম্বর (৫×৭)=৩৫** |
|---|---|---|
| (ক) | সমবায় সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ (প্রমাণকসহ) | ৭ |
| (খ) | ব্যক্তিগত শেয়ার ও সঞ্চয় আমানতের পরিমাণ (টাকায়) | ৭ |
| (গ) | ব্যক্তিগত ঋণগ্রহণ ও পরিশোধের পরিমাণ (টাকায়) | ৭ |
| (ঘ) | সমিতির পুঁজি গঠন ও সম্পদ বৃদ্ধিতে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে) | ৭ |
| (ঙ) | সমিতির হিসাব সংরক্ষণে দক্ষতা ও সমিতির আর্থিক অব্যবস্থাপনা নিষ্পত্তি করার দক্ষতা | ৭ |

| **৯.২** | **প্রচলিত আইন ও বিধি প্রতিপালন** | **মোট নম্বর (৪×৫)=২০** |
|---|---|---|
| (ক) | ব্যবস্থাপনা কমিটি ও বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের সংখ্যা (প্রমাণক-হাজিরা তালিকা) এবং বিগত বার্ষিক সাধারণ সভার সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়ন | ৫ |
| (খ) | সমিতির বিভিন্ন কমিটি/উপকমিটিতে দায়িত্ব পালনের সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণক-হাজিরা তালিকা) | ৫ |
| (গ) | সমিতি সংক্রান্ত কোনো বিষয়ে তাঁর বিরুদ্ধে তদন্তে শাস্তি হয়েছে কিনা? যদি থাকে তার সংক্ষিপ্ত বিবরণ। এছাড়াও তাঁর বিরুদ্ধে অডিট আপত্তিতে অর্থ তছরুপের কোনো বিষয় উল্লেখ আছে কিনা? | ৫ |
| (ঘ) | তাঁর বিরুদ্ধে দেশের প্রচলিত আইনে বিগত ২ বা ৩ বছরে কোনো মামলা চলমান আছে কিনা? যদি থাকে তবে উক্ত মামলায় শাস্তি হয়েছে কিনা? | ৫ |

| ৯.৩ | **উন্নয়ন কার্যক্রম** | **মোট নম্বর (৫×৪)=২০** |
|---|---|---|
| (ক) | এ পর্যন্ত সমবায় সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের সংখ্যা ও বিবরণ | ৪ |
| (খ) | অন্যান্য সদস্যদের প্রশিক্ষণ দেয়ার ক্ষেত্রে ভূমিকা | ৪ |
| (গ) | ব্যক্তিগত প্রচেষ্টায় সমিতির সদস্য বৃদ্ধিসহ সার্বিক উন্নতির সংক্ষিপ্ত বিবরণ | ৪ |
| (ঘ) | সমিতির নিজস্ব অর্থায়নে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে) | ৪ |
| (ঙ) | সমিতির অন্য সমবায়ীদের সমৃদ্ধি অর্জনে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | ৪ |

| ৯.৪ | **কর্মসংস্থান** | **মোট নম্বর (৩×৫)=১৫** |
|---|---|---|
| (ক) | সমিতিতে কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে তাঁর ভূমিকা:<br>১) প্রত্যক্ষ কর্মসংস্থানের সংক্ষিপ্ত বিবরণসহ<br>২) পরোক্ষ কর্মসংস্থানের সংক্ষিপ্ত বিবরণসহ | ৫ |
| (খ) | সমিতিতে আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | ৫ |
| (গ) | সমবায় উদ্যোক্তা সৃজনে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ | ৫ |

| ৯.৫ | **অন্যান্য কার্যক্রম** | **মোট নম্বর (৫×২)=১০** |
|---|---|---|
| (ক) | সমবায় আন্দোলনে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | ২ |
| (খ) | আদর্শ সমবায় গঠনে তাঁর নেতৃত্বের ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | ২ |
| (গ) | জনকল্যাণমূলক কাজে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ | ২ |
| (ঘ) | স্মার্ট সমবায় সৃজনে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | ২ |
| (ঙ) | সমিতিতে ইতঃপূর্বে সৃষ্ট কোনো চ্যালেঞ্জ মোকাবেলায় তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | ২ |

১০। জাতীয় সমবায় পুরস্কার প্রদান সংক্রান্ত এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে। ইতঃপূর্বে এ বিভাগ থেকে জারিকৃত এতদ্‌সংক্রান্ত নীতিমালা বাতিল বলে গণ্য হবে।

১৬/৭/২০২৪

(মোসাম্মৎ শাহানারা খাতুন)
সচিব

মোসাম্মৎ শাহানারা খাতুন
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
প্রচার ও প্রকাশনা শাখা
এফ- ১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং- ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৩.২৪. ১৪৭(৮) তারিখ: ২৪/০৭/২০২৪।

বিষয়ঃ জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর জন্য শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়ন সংক্রান্ত।

সূত্র: ১। পউসবি এর স্মারক নং: ৪৭.০০.০০০০.০৩২.২৩.০১২.২০.২২৮; তারিখ: ২৩/০৫/২০২৪।
২। পউসবি এর স্মারক নং: ৪৭.০০.০০০০.০৩২.২২.০০৮.২২.৩১৭; তারিখ: ১৬/০৭/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় সমবায় পুরস্কার, ২০২৩ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ এর ৩ নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির শ্রেণিবিন্যাস অনুযায়ী ১৩টি জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৩ (তিন) জন সমবায়ী (কমপক্ষে ১জন মহিলা) নির্বাচন সংক্রান্ত বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে পৃথক পৃথক তালিকা পর্যায়ক্রমে উপজেলা, জেলা ও বিভাগীয় কমিটির মাধ্যমে সমবায় অধিদপ্তরে প্রেরণ করতে হবে। শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

১. উপজেলা কমিটি জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ এর ৬নং অনুচ্ছেদ দফা ৬.১ অনুযায়ী আবেদন ফরমের মাধ্যমে আবেদনকৃত সমবায় সমিতি ও সমবায়ী মনোনয়নের জন্য আগামী ১২/০৮/২০২৪ তারিখের মধ্যে প্রাথমিক বাছাই সম্পন্ন করবে এবং সমবায় সমিতি ও সমবায়ীর তথ্য মূল্যায়ন ছকে পূরণপূর্বক পরবর্তী ধাপের জন্য প্রস্তুতি গ্রহণ করবে।
২. উপজেলা কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ২২/০৮/২০২৪ তারিখের মধ্যে ২০২৩ সনের জন্য মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা জেলা কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে;
৩. জেলা কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ০১/০৯/২০২৪ তারিখের মধ্যে উল্লিখিত বছরের মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা বিভাগীয় কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে;
৪. বিভাগীয় কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ১২/০৯/২০২৪ তারিখের মধ্যে সমবায় অধিদপ্তরের মাধ্যমে জাতীয় কমিটির বরাবরে মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা (০৫) পাঁচ প্রস্ত প্রেরণ নিশ্চিত করবে;
৫.বিভাগীয় কমিটি কর্তৃক মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীর তালিকার Soft কপি পেনড্রাইভের মাধ্যমে প্রেরণ নিশ্চিত করবে;
৬. তালিকা প্রণয়নে এতদসঙ্গে সংযুক্ত ছকটি MS Word এ ইউনিকোড nikosh ফন্ট ব্যবহার করে লিগ্যাল সাইজ কাগজে Landscape ওরিয়েন্টেশনে টাইপ করতে হবে। কোনভাবেই nikosh ফন্টের সাথে অন্য কোন ফন্টের মিশ্রণ করা যাবে না।
৭. পুরস্কারের জন্য বিবেচিত সমবায় সমিতি বা সমবায়ীর জন্য ছকে সন্নিবেশিত তথ্য উপযুক্ত রেকর্ড তথা অডিট নোট দ্বারা সমর্থিত হতে হবে।
৮. জাতীয় কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত বিভাগীয় পর্যায় থেকে প্রতিটি ক্যাটাগরিতে চূড়ান্তভাবে মনোনীত সমবায় সমিতি/সমবায়ীদের কার্যক্রমের ৪-৫মিনিটের ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত করতে হবে।

উল্লেখ্য এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার এবং পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়গণকে আলাদাভাবে আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ প্রস্ত ছক।

২৪/৭/২৪
মোঃ শরিফুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd

যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ

১। সচিব,পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফরম-ক

## জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায় সমিতি)

## আবেদনের শ্রেণি/ক্যাটাগরি**

..........................................................

১. সমবায় সমিতির নাম

২. সমবায় সমিতির রেজিস্ট্রেশন নং ও তারিখ

৩. সমবায় সমিতির ঠিকানা

৪. প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যাদি

ক) ব্যবস্থাপনা কমিটির ধরণ

খ) বর্তমান ব্যবস্থাপনা কমিটির মেয়াদকাল

গ) সর্বশেষ নির্বাচনের তারিখ

ঘ) সর্বশেষ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ

ঙ) সর্বশেষ নিরীক্ষা সম্পাদনের তারিখ

চ) সর্বশেষ নিরীক্ষা প্রতিবেদনের আপত্তি নিষ্পত্তির অবস্থা (যদি থাকে)

৫. সমিতির নিজস্ব মূলধনের পরিমাণ (টাকায়)

৬. সমিতির সম্পদের পরিমাণ ও বর্তমান মূল্য

ক) স্থাবর (টাকায়)

খ) অস্থাবর (টাকায়)

৭. নিজস্ব মূলধন- i) শেয়ার (টাকায়)................................

ii) পুঞ্জিভূত সংরক্ষিত তহবিল (টাকায়).......................

iii) মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল (টাকায়)......................

মোট (টাকায়)......................

৮. কার্যকরী মূলধন- i) নিজস্ব মূলধন (টাকায়)...............................

ii) সঞ্চয় আমানত (টাকায়)............................

iii) গৃহীত ঋণ (টাকায়)...............................

iv) অনুদান (যদি থাকে) (টাকায়)...........................

মোট (টাকায়)..............

৯. ঋণের পরিমাণ এবং ঋণ পরিশোধের হালনাগাদ তথ্যাদি

ক) ঋণ গ্রহণের উৎস: সরকারি/বিদেশি সংস্থা/অন্য কোনো প্রতিষ্ঠান

খ) ঋণের পরিমাণ (টাকায়)

গ) ঋণ পরিশোধের পরিমাণ (টাকায়)

১০. সর্বশেষ বার্ষিক লভ্যাংশ বণ্টন সংক্রান্ত তথ্যাদি

ক) বার্ষিক লভ্যাংশের পরিমাণ (টাকায়) ও শতকরা হার

খ) লভ্যাংশ বন্টনের তারিখ

১১. নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল সংক্রান্ত তথ্যাদি

ক) নিরীক্ষা ফি এর পরিমাণ (টাকায়)

খ) সমবায় উন্নয়ন তহবিলের পরিমাণ (টাকায়)

১২. সমিতির অর্থায়নে উন্নয়ন প্রকল্পের তথ্য (যদি থাকে)

১৩. সমিতি কর্তৃক বিনিয়োগের পরিমাণ (ক্রমপুঞ্জিভূত)

১৪. সমিতির নিয়োগকৃত কর্মচারীর সংখ্যা (যদি থাকে)

১৫. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে)

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

সম্পাদক/নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপক/ম্যানেজারের
স্বাক্ষর..............................
নাম:.................................
মোবাইল নম্বর:.................................
তারিখ:..........................................

সভাপতির স্বাক্ষর..............................
নাম:.................................
মোবাইল নম্বর:.................................
তারিখ:..........................................

**আবেদন ফরমের সাথে সংযুক্ত শ্রেণি/ক্যাটাগরি হতে যেকোন একটি উল্লেখ করতে হবে।

ফরম-খ

# জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায়ী)

আবেদনকারীর এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে (অনলাইনে আবেদনের ক্ষেত্রে JPG ফরমেট ছবি সংযুক্ত করতে হবে)

**আবেদনের শ্রেণি/ক্যাটাগরি****

.........................................................................................

১. আবেদনকারীর নাম (বাংলায়):
ইংরেজিতে (বড় অক্ষরে):

২. পিতার নাম :
মাতার নাম :

৩. ক) বর্তমান ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা, মোবাইল, টেলিফোন, ইমেইল)

খ) স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা)

৪. জাতীয় পরিচয়পত্র নম্বর

৫. ক) জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) খ) বয়স (আবেদনের তারিখে)

৬. শিক্ষাগত যোগ্যতার বিবরণ (সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে)

৭. সমবায়ের সাথে সম্পৃক্ততার সময়কাল ও বর্তমানে সমিতিতে পদবি

৮. ব্যক্তিগত শেয়ার ও সঞ্চয়ের পরিমাণ
ক) শেয়ার (টাকায়)
খ) সঞ্চয় (টাকায়)

৯. ঋণ সংক্রান্ত তথ্যাদি
ক) ঋণ গ্রহণের পরিমাণ (টাকায়)
খ) ঋণ পরিশোধের পরিমাণ (টাকায়)

১০. সমবায় সমিতিতে তাঁর অবদান

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

আবেদনকারীর স্বাক্ষর..............................
মোবাইল নম্বর:......................................
তারিখ:..............................................

**আবেদন ফরমের সাথে সংযুক্ত শ্রেণি/ক্যাটাগরি হতে যেকোন একটি উল্লেখ করতে হবে।

## আবেদনের শ্রেণি/ক্যাটাগরি

১. কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়
- কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি।

২. সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়
- সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি।

৩. উৎপাদনমুখী সমবায়
- দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি।

৪. ব্যবসায়ী সমবায়
- দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি।

৫. মুক্তিযোদ্ধা সমবায়
- মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে।

৬. বিত্তহীন, ভূমিহীন সমবায়
- বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি।

৭. মহিলা সমবায়
- মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোন ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে।

৮. পেশাভিত্তিক সমবায়
- মৃৎশিল্পী সমবায় সমিতি, তাঁতী সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/টেক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাঙ্ক-লরি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি।

৯. গৃহায়ন সমবায়
- গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি।

১০. বিশেষ ও অন্যান্য শ্রেণি
- যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি ।

জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ এর আলোকে

জাতীয় সমবায় পুরস্কার' ২০২৩ এর জন্য মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতির মূল্যায়ন সংক্রান্ত তথ্যাদি

শ্রেণি:.......................

ষ্ঠ সমবায় সমিতিঃ

| বিভাগ) জলার নাম | সমিতির নাম, রেজিঃ নং, তারিখ, ঠিকানা | ৮.১ অর্থনৈতিক অবস্থা মোট নম্বর: (১৫×৩)= ৪৫ | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | (ক) নিজস্ব মূলধন (টাকায়) | | | (খ) কার্যকরী মূলধন (টাকায়) | | | | (গ) সম্পদ/ সম্পত্তির পরিমাণ (টাকায়) | | (ঘ) বিনিয়োগ (টাকায়) | | | (ঙ) বিগত এক বছরে | | |
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | পরিশোধিত শেয়ারের সংখ্যা ও শেয়ার মূলধন | পুঞ্জীভূত সংরক্ষিত তহবিল ও কু-ঋণ তহবিল | মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল | নিজস্ব মূলধন | সঞ্চয় আমানত | গৃহীত ঋণ | অনুদান (যদি থাকে) | স্থাবর | অস্থাবর | সদস্যদের মধ্যে ঋণ বিতরণের পরিমাণ ৩ বছর) | সদস্যদের মধ্যে বিতরণকৃত ঋণ আদায়ের পরিমাণ (৩ বছর) | অন্যান্য বিনিয়োগ (৩ বছর) | আয়, ব্যয় ও নীট মুনাফা (টাকায়) | সদস্যদের মধ্যে লভ্যাংশ বন্টনের পরিমাণ (টাকায়) ও শতকরা হার | অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল প্রদানের পরিমাণ (টাকায়) |
| | | | | | | | | | | | | | | | | |
| | | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ |

| ৮.২ প্রচলিত আইন ও বিধি প্রতিপালন মোট নম্বর: (১০×৩)= ৩০ | | | | | | | | | | ৮.৩ সমবায় সমিতি কর্তৃক গৃহীত উন্নয়ন কার্যক্রম মোট নম্বর: (৩×৩)= ৯ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৬ | ১৬ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ |
| র্বশেষ নির্বাচন (প্রমাণক-ফলাফলের কাগজপত্র) | বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ ও উপস্থিতি (প্রমাণক-হাজিরা তলিকাসহ কার্যবিবরণী) | বিগত তিনটি ব্যবস্থাপনা কমিটির মেয়াদকাল ও বিবেচ্য বছরে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুষ্ঠিত সভার সংখ্যা | বিবেচ্য বছরের বাজেট অনুমোদনের তারিখ (প্রমাণকসহ) | বিবেচ্য বছরের অডিট সম্পাদনের তারিখ (প্রমাণকসহ) | অডিট আপত্তি সংশোধনীর প্রতিবেদন দাখিলের তারিখ (প্রমাণক সহ) | বিবেচ্য অর্থবছরে বিনিয়োগের পরিমাণ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা? | সমিতির বিরুদ্ধে মামলা আছে কিনা? থাকলে বর্তমান অবস্থা? | সমিতির বিরুদ্ধে বিগত ২ বা ৩ বছরের মধ্যে তদন্তের প্রয়োজন হয়েছে কিনা? হয়ে থাকলে তার ফলাফল। | পরিশোধিত শেয়ারের ফেস ভ্যালু নির্ধারণ করা হয়েছে কিনা? (প্রমাণক সহ) | উন্নয়নমূলক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | বাণিজ্যিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারের সংক্ষিপ্ত বিবরণ |
| | | | | | | | | | | | | |
| নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ | নম্বর ৩ |

| ৮.৪ সমিতির প্রাতিষ্ঠানিকীকরণ<br>মোট নম্বর: (৪×২)= ৮ | | | | ৮.৫ অন্যান্য কার্যক্রম<br>মোট নম্বর: (৪×২)= ৮ | | | | মোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|
| সমিতির কার্যালয় আছে কিনা? থাকলে সংক্ষিপ্ত বিবরণ | অনুমোদিত চাকরি বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা | সমিতি কর্তৃক পরোক্ষ কর্মসংস্থানের সংখ্যা বিবরণসহ | কর্মসংস্থানের ধরণ ও প্রকৃতি (পদবী ও বেতনসহ) | সমবায় আন্দোলনকে বেগবান করার জন্য সমিতি কর্তৃক গৃহীত কার্যক্রমের বিবরণ | সমিতিতে ইতঃপূর্বে সৃষ্ট কোনো চ্যালেঞ্জ মোকাবেলা করে থাকলে তার সংক্ষিপ্ত বিবরণ | প্রচার/প্রকাশনার সংখ্যা ও সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণকসহ) | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সমিতির কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | |
| ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৭ |
| | | | | | | | | |
| **নম্বর ২** | **নম্বর ২** | **নম্বর ২** | **নম্বর ২** | **নম্বর ২** | **নম্বর ২** | **নম্বর ২** | **নম্বর ২** | **১০০** |

জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ এর আলোকে
জাতীয় সমবায় পুরস্কার' ২০২৩ এর জন্য মনোনীত শ্রেষ্ঠ সমবায়ী মূল্যায়ন সংক্রান্ত তথ্যাদি

শ্রেণি:.....................

ষ্ঠ সমবায়ীঃ

| বিভাগ (জেলার নাম) | সমবায়ীর নাম, পিতার নাম, পূর্ণ ঠিকানা | ৯.১ অর্থনৈতিক অবস্থা মোট নম্বর: (৫×৭)= ৩৫ | | | | | ৯.২ প্রচলিত আইন ও বিধি প্রতিপালন মোট নম্বর: (৪×৫)= ২০ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সমবায় সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ (প্রমাণকসহ) | ব্যক্তিগত শেয়ার ও সঞ্চয় আমানতের পরিমাণ (টাকায়) | ব্যক্তিগত ঋণগ্রহণ ও পরিশোধের পরিমাণ (টাকায়) | সমিতির পুঁজি গঠন ও সম্পদ বৃদ্ধিতে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে) | সমিতির হিসাব সংরক্ষণে দক্ষতা ও সমিতির আর্থিক অব্যবস্থাপনা নিষ্পত্তি করার দক্ষতা | ব্যবস্থাপনা কমিটি ও বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের সংখ্যা (প্রমাণক-হাজিরা তালিকা) এবং বিগত বার্ষিক সাধারণ সভার সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়ন | সমিতির বিভিন্ন কমিটি/উপকমিটিতে দায়িত্ব পালনের সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণক-হাজিরা তালিকা) | সমিতি সংক্রান্ত কোনো বিষয়ে তাঁর বিরুদ্ধে তদন্তে শাস্তি হয়েছে কিনা? যদি থাকে তার সংক্ষিপ্ত বিবরণ। এছাড়াও তাঁর বিরুদ্ধে অডিট আপত্তিতে অর্থ তছরুপের কোনো বিষয় উল্লেখ আছে কিনা? | তাঁর বিরুদ্ধে দেশের প্রচলিত আইনে বিগত ২ বা ৩ বছরে কোনো মামলা চলমান আছে কিনা? যদি থাকে তবে উক্ত মামলায় শাস্তি হয়েছে কিনা? |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |
| | | নম্বর ৭ | নম্বর ৭ | নম্বর ৭ | নম্বর ৭ | নম্বর ৭ | নম্বর ৫ | নম্বর ৫ | নম্বর ৫ | নম্বর ৫ |

| ৯.৩ উন্নয়ন কার্যক্রম মোট নম্বর: (৫×৪)= ২০ | | | | | ৯.৪ কর্মসংস্থান মোট নম্বর: (৩×৫)= ১৫ | | | ৯.৫ অন্যান্য কার্যক্রম মোট নম্বর: (৫×২)= ১০ | | | | | মোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পর্যন্ত সমবায় ...ক্রান্ত প্রশিক্ষণ ...হণের সংখ্যা ও বিবরণ | অন্যান্য সদস্যদের প্রশিক্ষণ দেয়ার ক্ষেত্রে ভূমিকা | ব্যক্তিগত প্রচেষ্টায় সমিতির সদস্য বৃদ্ধিসহ সার্বিক উন্নতির সংক্ষিপ্ত বিবরণ | সমিতির নিজস্ব অর্থায়নে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে) | সমিতির অন্য সমবায়ীদের সমৃদ্ধি অর্জনে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | সমিতিতে কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে তাঁর ভূমিকা-<br>১) প্রত্যক্ষ কর্মসংস্থানের সংক্ষিপ্ত বিবরণসহ<br>২) পরোক্ষ কর্মসংস্থানের সংক্ষিপ্ত বিবরণসহ | সমিতিতে আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | সমবায় উদ্যোক্তা সৃজনে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ | সমবায় আন্দোলনে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | আদর্শ সমবায় গঠনে তাঁর নেতৃত্বের ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | জনকল্যাণমূলক কাজে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ | স্মার্ট সমবায় সৃজনে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | সমিতিতে ইতঃপূর্বে সৃষ্ট কোনো চ্যালেঞ্জ মোকাবেলায় তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | |
| ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ |
| | | | | | | | | | | | | | |
| নম্বর ৪ | নম্বর ৪ | নম্বর ৪ | নম্বর ৪ | নম্বর ৪ | নম্বর ৫ | নম্বর ৫ | নম্বর ৫ | নম্বর ২ | নম্বর ২ | নম্বর ২ | নম্বর ২ | নম্বর ২ | ১০০ |